

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ : ১০/০৬/২০১৮ খ্রি.

## নোটিশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা থেকে ফাযিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের কাজ নিম্নোক্ত নিয়ম অনুযায়ী সম্পন্ন করতে হবে। ফরম পূরণের জন্য ১ম, ২য় ও ৩য় বর্ষে ভর্তির রশিদ সঙ্গে আনতে হবে।

ক. বিলম্ব ফি ছাড়া ফরম পূরণ ২৬/০৬/২০১৮ হতে ০৮/০৭/২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

খ. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে যারা উত্তীর্ণ হয়েছে তারা ফরম পূরণের সুযোগ পাবে। যারা নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়নি এবং যারা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা সাপ্লিমেন্টারী পরীক্ষায় অংশগ্রহণ করে ফরম পূরণের সুযোগ পাবে। সাপ্লিমেন্টারী পরীক্ষা আগামী ২৬/০৬/২০১৮ তারিখ রোজ মঙ্গলবার উপাধ্যক্ষের অফিস কক্ষে এবং হেড মাওলানার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

গ. সংশ্লিষ্ট কক্ষের সামনে রক্ষিত বোর্ড থেকে সিরিয়াল নম্বর সংগ্রহ করতে হবে। তারপর সংশ্লিষ্ট শিক্ষকের নিকট থেকে ফরম পূরণের ফি জমা দেওয়ার রশিদ সংগ্রহ করতে হবে। যথাযথভাবে রশিদ পূরণ করে ও রশিদের উপরে সিরিয়াল নম্বর লিখে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর নিয়ে মাদরাসার ক্যাশিয়ানের নিকট টাকা জমা দিতে হবে।

**\* ফরম পূরণের টাকা জমা দেওয়ার রশিদের উপরের অংশে পিতা ও মাতার নাম অবশ্যই লিখতে হবে এবং রশিদের পিছনে নিজের মোবাইল নম্বর সঠিকভাবে লিখতে হবে।**

ঘ. ১ম বর্ষের (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ফরম পূরণের জন্য ১০৬ নং কক্ষে (আল-হাদীস বিভাগ), ২য় বর্ষের (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ফরম পূরণের জন্য ১০৭ নং কক্ষে (ইংরেজি বিভাগ) ও ৩য় বর্ষের (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ফরম পূরণের জন্য ১১১ নং কক্ষে (ইসলামের ইতিহাস বিভাগ)-এ যোগাযোগ করতে হবে।

ঙ. সকাল ১০.০০ ঘটিকা থেকে বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত ফরম পূরণের কাজ চলবে।

**বি.দ্র:** উল্লিখিত তারিখের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ  
আইডি নং-০০৯৪৯০

অধ্যক্ষ  
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।  
প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ  
অধ্যক্ষ

সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।